গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৯.০১.২০২৪ খ্রি.

## ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি:

২০২২ সালের অনার্স ৩য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, **"সোনালী ই-সেবা"** এর মাধ্যমে প্রয়োজনীয় ফি প্রদান পূর্বক নিজ নিজ বিভাগে আবেদন ফরম পূরণ কার্যক্রম সংযুক্ত সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে।

**পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:**

১। ক) **নিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২১ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে, কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) **অনিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৫-১৬, ২০১৬-১৭,২০১৭-১৮, ও ২০১৮-১৯) ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯,২০২০ ও ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) **গ্রেড উন্নয়নঃ** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৫-১৬,২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯) ইতোপূর্বে অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দু'টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। তবে এক জন পরীক্ষার্থী একটি বা দুটি কোর্সে শুধুমাত্র ২০২২ সালের পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

## ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার সাথে কলেজ ফি ৫০০/- সহ সর্বমোট ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন পরীক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

## ২। আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

- শিক্ষার্থীকে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে আবেদন ফরম ও সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) যথাযথভাবে পূরণ করে তা ডাউনলোড করে যথাস্থানে স্বাক্ষর ও তারিখ দিয়ে স্ব স্ব বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিবে।
- আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে **কলেজ কর্তৃক নিশ্চায়নের পূর্বে** কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম ডাউনলোড করতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের **স্পষ্ট ফটোকপি** এবং নির্ধারিত ফি জমাদানের "**সোনালী ই-সেবার মূল স্লিপ জমা দিতে হবে।**
- অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে **রেজিস্ট্রেশন কার্ডের সাথে পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি** ফরমের সাথে সংযুক্ত করে বিভাগে জমা দিতে হবে
- আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**বিঃদ্রঃ সতকর্তার সাথে বিষয় কোড নির্বাচন করতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

**ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি**

**শিক্ষার্থীরা http://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Form fill-Up Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফরম পূরণ ফি** পরিশোধ করবে। সেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত/মনোন্নয়ন সকল পরীক্ষার্থীকে "**সোনালী ই-সেবা (Sonali eSheba)** " এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিতে হবে।

## ৩। ফরম পূরণ, ফি প্রদান, ও ফরম জমাদানের সময়সূচিঃ

নিম্নলিখিত সময়সূচি অনুসারে **সোনালী ই-সেবা** এর মাধ্যমে ফি পরিশোধ করে পূরণকৃত ফরম নিজ নিজ বিভাগে নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

| অনার্স বিষয় (সকল) | পূরণকৃত ফরম জমা দানের তারিখ (সকাল ১০ টা- দুপুর ২.০০টা) | পূরণকৃত ফরম বিভাগ নিশ্চায়ন করে বিভাগে সংরক্ষণের তারিখ |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন , সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, রসায়নবিদ্যা, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, গণিত | ১১.০১.২০২৪ হতে ২৯.০১.২০২৪ | বিবরনী, ইনকোর্স নম্বর ও অন্যান্য কাগজপত্র ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংরক্ষণ করবেন। |

বিঃদ্রঃ অনলাইনে ডাটা এন্ট্রি করার সুবিধার্থে নির্ধারিত তারিখের পূর্বেই আবেদন ফরম পূরণ করে জমা করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ করা হলো।

## ২০২২ সালের অনার্স পার্ট-৩ (২০১৩-২০১৪ সালের প্রণীত সিলেবাস) নিয়মিত পরীক্ষার্থীদের সর্বমোট প্রদেয় ফি:

| অনার্স বিষয় | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত | | | | মোট প্রদেয় ফি: |
|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | ইনকোর্স ফি | ব্যবহারিক কেন্দ্র ফি | - |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি | ২১০০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ২৮০০/- |
| গণিত, মনোবিজ্ঞান, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, পদার্থবিদ্যা | ২১০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ১৫০ | ২৯৫০/- |
| রসায়ন | ২৩৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৩০০ | ৩৩৫০/- |
| পরিসংখ্যান | ২৬০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৬০০ | ৩৯০০/- |
| অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে | **ফরমে উল্লিখিত টাকা** | **+ জাতীয় বিশ্ববিদ্যায় কর্তৃক নির্ধারিত কলেজ ফি জমা দিতে হবে** | | | | |
| **Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত বিশেষ অর্ন্তভুক্তি ফি ১০০০/- টাকা অর্থ্যাৎ** | **ফরমে উল্লিখিত টাকা** | **+ জাতীয় বিশ্ববিদ্যায় কর্তৃক নির্ধারিত কলেজ ফি জমা দিতে হবে** | | | | |
| ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নির্ধারিত টাকা | ৫০০০ | ৫০০ | | | | ৫৫০০/- |

## <u>২০২২ সালের অনার্স ৩য় বর্ষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:</u>

| | | |
|---|---|---|
| এক পত্র | ২৫০+৩০০+৪৫০+৫০ | ১০৫০/- |
| দুই পত্র | ২৫০x২+৩০০+৪৫০+৫০ | ১৩০০/- |
| তিন পত্র | ২৫০ x ৩+৩০০+৪৫০+৫০ | ১৫৫০/- |
| চার পত্র | ২৫০ x ৪+৩০০+৪৫০+৫০ | ১৮০০/- |

** যেসকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (অনিয়মিত) হয়েছে সেসকল পরীক্ষার্থী পুন:ভর্তি সাপেক্ষে ফরম পূরণ করতে হবে।

****কোন পরীক্ষার্থীর অর্ধপত্র থাকলে প্রতি অর্ধপত্রের জন্য ২০০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।**

**<u>বি:দ্র:</u> অনার্স ৩য় বর্ষে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থী এখনো সেশন ফি জমা দেয়নি এবং প্রস্তুতিমূলক পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে বিভাগের সাথে যোগাযোগ করে সেশন ফি জমাদান পূর্বক ফরম পূরণ কার্যক্রমে অংশগ্রহণের নির্দেশ প্রদান করা হলো।**

## <u>বিভাগ সমূহের জন্য নির্দেশনা:</u>

প্রত্যেক বিভাগীয় প্রধানকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও কলেজের প্রদেয় ফিসহ মোট টাকা আদায়ের পরিমান নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।

উপর্যুক্ত নির্দেশাবলী এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক সঠিকভাবে আবেদন ফরম পূরণ কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট